



পটুয়াখালী জেলা সমিতি, ঢাকা



রেজিঃ নং-ঢ-০২৭৮, স্থাপিতঃ ১৯৬৯ইং
৮৭ পুরানা পল্টন লাইন, পল্টন টাওয়ার (৬ষ্ঠ তলা), ঢাকা-১০০০
ই-মেইলঃ ই-মেইলঃ pzsdbd@gmail.com , www.pzsbd.com

স্মারক নং-পজেসঢা/শিক্ষাবৃত্তি/২০২৪

তারিখঃ ১৭/০২/২০২৪ইং

শিক্ষাবৃত্তি-২০২৪

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে পটুয়াখালী জেলা সমিতি, ঢাকা কর্তৃক আয়োজিত শিক্ষাবৃত্তি-২০২৪ এর জন্য যে কোনো পাবলিক বিশ্ববিদ্যালয়/মেডিকেল কলেজ অথবা সমমানের বাংলাদেশের যে কোনো শিক্ষা প্রতিষ্ঠানে অধ্যয়নরত পটুয়াখালী জেলার স্থায়ী বাসিন্দা, অস্বচ্ছল ও মেধাবী ছাত্র ছাত্রীদের নিকট থেকে নিম্ন লিখিত শর্ত সাপেক্ষে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

শর্তাবলীঃ

১। আবেদনকারীকে ২০২১-২০২২ শিক্ষাবর্ষে এইচ,এস,সি পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে।

২। আবেদনকারীকে এস,এস,সি ও এইচ,এস,সি পরীক্ষায় প্রতিটিতে জিপিএ, ৫.০০ পেয়ে উত্তীর্ণ হয়ে সম্মান অথবা সমমানের পর্যায়ে অধ্যয়নরত হতে হবে।

৩। বীর মুক্তিযোদ্ধার সন্তান ও প্রতিবন্ধী আবেদনকারীদের এস,এস,সি ও এইচ,এস,সি দুটোতেই নূন্যতম জিপিএ ৪.৫০ থাকতে হবে।

৪। পটুয়াখালী জেলার স্থায়ী বাসিন্দা ও পরিবারের আর্থিক অস্বচ্ছলতার স্বপক্ষে সংশ্লিষ্ট পৌরসভার মেয়র/ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক আর্থিক অস্বচ্ছলতার সনদপত্র আবেদন পত্রের সাথে জমা দিতে হবে।

৫। আবেদন ইচ্ছুক ছাত্র/ছাত্রীকে পটুয়াখালী জেলা সমিতি ঢাকা, এর কার্যালয়ে সরাসরি অথবা ওয়েব সাইট www.pzsbd.com থেকে ডাউনলোড করে নির্ধারিত আবেদন ফরম পূরন করে সমিতির স্থায়ী কার্যালয়ে জমা দিতে হবে

৬। আবেদন পত্রের সাথে বর্তমানে অধ্যয়নরত শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানের/বিভাগীয় প্রধানের অধ্যয়নের সনদপত্র থাকতে হবে।

৭। আবেদন পত্রের সাথে এস,এস,সি ও এইচ,এস,সি পরীক্ষার মার্কসীট/একাডেমিক ট্রান্সক্রিপশন এর সত্যায়িত কপি এবং সদ্য তোলা ২ কপি পাসপোর্ট সাইজের ছবি সংযুক্ত করতে হবে।

৮। বীর মুক্তিযোদ্ধার সন্তানদের ক্ষেত্রে পিতা/মাতার মুক্তিযোদ্ধা মন্ত্রনালয় কর্তৃক ইস্যুকৃত সনদের সত্যায়িত ফটোকপি প্রদান করতে হবে।

৯। প্রতিবন্ধী আবেদনকারীদের ক্ষেত্রে প্রয়োজনীয় কাগজপত্র দাখিল করতে হবে।

১০। আবেদনপত্র আগামী ৩১/০৩/২০২৪ ইং এর মধ্যে আহবায়ক শিক্ষা বৃত্তি-২০২৪ এর বরাবরে পটুয়াখালী জেলা সমিতির স্থায়ী কার্যালয় ৮৭ পুরানা পল্টন লাইন, পল্টন টাওয়ার (৬ষ্ঠ তলা), ঢাকা-১০০০, সরাসরি/কুরিয়ার যোগে পৌঁছাতে হবে অথবা সমিতির অফিসের দরজায় ঝুলানো চিঠির বক্সে রাখতে হবে।

১১। প্রয়োজনীয় বিস্তারিত তথ্যসমূহ পটুয়াখালী জেলা সমিতির স্থায়ী কার্যালয় ৮৭ পুরানা পল্টন লাইন, পল্টন টাওয়ার (৬ষ্ঠ তলা), ঢাকা-১০০০, প্রতি শনিবার (সন্ধ্যা ৬টা হতে রাত ৮টা পর্যন্ত) এবং সমিতির ওয়েবসাইট www.pzsbd.com হতে জানা যাবে।

স্বাক্ষরিত/=

আবি আবদুল্লাহ খান নাহ্ন
সভাপতি
পটুয়াখালী জেলা সমিতি ঢাকা ।

স্বাক্ষরিত/=

স্থপতি নিখিল চন্দ্র গুহ
আহবায়ক, শিক্ষাবৃত্তি-২০২৪
পটুয়াখালী জেলা সমিতি ঢাকা ।

স্বাক্ষরিত/=

ড. এস,এম,এ জাফর বাদশাহ
সাধারণ সম্পাদক
পটুয়াখালী জেলা সমিতি ঢাকা ।